

# নোবিপ্রবি গবেষণা সংসদের নেতৃত্বে মিনহাজ- মাহমুদুল

আব্দুল্লাহ আল তৌহিদ, কনট্রিবিউটিং  
রিপোর্টার, নোবিপ্রবি  
প্রকাশিত: ২০:০৬, ৫ জুলাই ২০২৫



ছবি: জনকণ্ঠ

×

শিক্ষার্থীদের মাঝে গবেষণায় আগ্রহ ও উদ্দীপনা জাগিয়ে তুলতে গঠিত নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) গবেষণা সংসদের নতুন সভাপতি নির্বাচিত হয়েছেন ফলিত গণিত বিভাগের

২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মিনহাজুল আবেদীন এবং সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন একই শিক্ষাবর্ষের ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষার্থী আব্দুল্লাহ আল মাহমুদুল।

বৃহস্পতিবার (০৩ জুলাই) আগামী এক বছরের জন্য আনুষ্ঠানিকভাবে কমিটি অনুমোদন করেন গবেষণা সংসদের প্রধান উপদেষ্টা ও নোবিপ্রবির উপ - উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক এবং মডারেটর ফার্মেসি বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ শফিকুল ইসলাম।

নবগঠিত কমিটির সভাপতি মিনহাজুল আবেদীন বিশ্ববিদ্যালয়ে গবেষণার সংস্কৃতিকে এগিয়ে নিয়ে যেতে বলেন, নোবিপ্রবি গবেষণা সংসদ দীর্ঘদিন ধরেই একাডেমিক গবেষণার প্রসারে শিক্ষার্থীদের একটি প্ল্যাটফর্ম হিসেবে কাজ করে আসছে। যথাযথ পরিকল্পনা, দৃঢ় সংকল্প ও সহযোগিতামূলক মানসিকতা নিয়ে, নোবিপ্রবি তে গবেষণা সংস্কৃতি আরও সমৃদ্ধ করে তোলার সর্বোচ্চ প্রচেষ্টা থাকবে এবং আমি আশাবাদী সবাইকে সঙ্গে নিয়ে, দলগতভাবে কাজ করে আমরা নোবিপ্রবি রিসার্চ সোসাইটি কে একটি নতুন উচ্চতায় নিয়ে যেতে পারব।

এছাড়াও তরুণ গবেষকদের দক্ষতা বৃদ্ধিতে নব নির্বাচিত সাধারণ সম্পাদক মাহমুদ বলেন, গবেষণাভিত্তিক মনোভাব গড়ে তোলা এবং জ্ঞানভিত্তিক সমাজ নির্মাণে আমরা শিক্ষার্থীদের সম্পৃক্ত করতে চাই। আমাদের লক্ষ্য থাকবে বিশ্ববিদ্যালয়ের তরুণ গবেষকদের দক্ষতা উন্নয়ন, গবেষণায় অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে একাডেমিক উৎকর্ষ সাধন এবং নোবিপ্রবিকে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে একটি গবেষণাবান্ধব বিশ্ববিদ্যালয় হিসেবে তুলে ধরা। সকলের সহযোগিতা নিয়ে আমরা সামনে এগিয়ে যেতে আশাবাদী।

×

কমিটির অন্যান্য সদস্যরা হলেন, সহ-সভাপতি (প্রশাসন) মোহসেনা মমতাজ, সহ -সভাপতি (গবেষণা) নাজমুন নাহার লিমা, যুগ্ম - সাধারণ সম্পাদক (প্রশাসন) মো. আরিফুল ইসলাম আরাফাত ভুঁইয়া, যুগ্ম-সাধারণ সম্পাদক (গবেষণা) তানহা জান্নাত ইকরা, সাংগঠনিক সম্পাদক আব্দুল্লাহ আল তৌহিদ, দপ্তর ও নথি সম্পাদক সাদিয়া আফরোজ, জনসংযোগ বিষয়ক সম্পাদক সাইফুল ইসলাম, গবেষণা

বিষয়ক সম্পাদক নাহিদ হোসাইন নবীন, অর্থ সম্পাদক ফায়িকা ফাতিন, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক নাদিয়া সুলতানা, প্রচার ও প্রকাশনা সম্পাদক সানজিদা আক্তার ইকরা, নেটওয়ার্কিং ও যোগাযোগ বিষয়ক সম্পাদক আফিয়া আবিদা এশা, কার্যকরী সদস্য পুষ্পিতা বড়ুয়া, শামসুল আলম রুহান, আব্দুস সামাদ, মোহাম্মদ মেহেদী হাসান, অর্নব দশ, অনিক দাশ, তাজবিউল হাসান।